# ঃসম্প্রদান শব্দের অর্থ ঃ

সম্প্রদান এটি একটি মহাসংজ্ঞা। **সম্-প্র-দা+ল্যুট্=সম্প্রদান। 'সম্যক্ প্রদীয়তেऽস্মৈ তৎ সম্প্রদানম্'।** 'সম্' এই উপসর্গের অর্থ হল-সম্যক্‌রূপে। 'প্র' এই উপসর্গটি প্রকর্ষার্থের দ্যোতক বা প্রকৃষ্টরূপে। প্রকর্ষার্থক এই 'প্র' শব্দের দ্বারা 'পূজাদিপুরঃসরতা' জ্ঞাপিত হয়েছে। 'পূজাদিপুরঃসরতা' কথার অর্থ হল-লোকে পূজা অনুগ্রহ বা কোনোও কিছু ফলকামনার জন্যই দানকর্মে প্রবৃত্ত হয়। 'দা' ধাতুর অর্থ হল দান করা। এখানে দান করা বলতে সাধারণ দান ক্রিয়া বোঝায় না। দানের অর্থ হল-- **''স্বস্বত্বধ্বংসদ্বারা পরস্বত্বজনকীভূতঃ সঙ্কল্পবিশেষো দানম্।''** 'দা' ধাতুর পূর্বে 'সম্' ও 'প্র' এই দুটি উপসর্গে দ্বারাই স্বস্বত্বধ্বংসপূর্বক পরস্বত্বাপাদনরূপ দাধাতুর অর্থ। **স্বস্বত্বধ্বংসপূর্বক পরস্বত্বাপাদন বলতে বোঝায়**-যাকে আমি দান করছি সেই দেয় বস্তুতে আমার আর কোনো অধিকার থাকল না। সেই দেয় বস্তুটিতে সম্পূর্ণভাবে গ্রহীতার অধিকার জন্মাল। পরে আমি সেই বস্তুটি আর আমার বলে দাবি করতে পারব না। একটি উদাহরণের সাহায্যে বিষয়টি পরিষ্কার করা যাক--

**যেমন-রাজা ব্রাহ্মণায় বস্ত্রং দদাতি।** রাজা ব্রাহ্মণকে বস্ত্র দান করছে। অর্থাৎ রাজা এখানে বস্ত্রটি সম্পূর্ণভাবে ব্রাহ্মণকে প্রদান করছে। সেই বস্ত্রটিতে রাজার আর কোনো অধিকার থাকল না। আর যাকে দান করা হয় সে সম্প্রদান কারক হয়। তাই ব্রাহ্মণ এখানে সম্প্রদান সংজ্ঞা হয়েছে।

আবার যদি এরকম উদাহরণ দেওয়া হয়---**রজকস্য বস্ত্রং দদাতি।** অর্থাৎ রজক বা ধোপাকে বস্ত্র দান করছে। এই উদাহরণটি কি সম্প্রদান হবে ? এর উত্তরে বলা যায়-- এটিও দান ক্রিয়া। কিন্তু এটি সম্প্রদান নয়। কারণ-ধোপাকে আমরা বস্ত্র ধৌত করবার জন্য বস্ত্র দিয়ে থাকি। বস্ত্র ধৌত হয়ে গেলে সেগুলি আবার ফেরৎ নিই । তাই এই দান ক্রিয়াতে স্বস্বত্বপূর্বক পরস্বত্বোৎপত্তির জ্ঞান জন্মায় না। তাই এই উদাহরণে সম্প্রদান হবে না।

.........................................